

🗏 হা-মীম আস-সাজদা (ফুসসিলাত) | Fussilat | فُصِلَت

আয়াতঃ ৪১: ৩৪

💵 আরবি মূল আয়াত:

وَ لَا تَستَوِى الحَسَنَةُ وَ لَا السَّيِّئَةُ اللهِ السَّيِّئَةُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهُ

আর ভাল ও মন্দ সমান হতে পারে না। মন্দকে প্রতিহত কর তা দ্বারা যা উৎকৃষ্টতর, ফলে তোমার ও যার মধ্যে শক্রতা রয়েছে সে যেন হয়ে যাবে তোমার অন্তরঙ্গ বন্ধু। — আল-বায়ান

ভাল আর মন্দ সমান নয়। উৎকৃষ্ট দিয়ে মন্দকে দূর কর। তখন দেখবে, তোমার আর যার মধ্যে শত্রুতা আছে সে যেন অন্তরঙ্গ বন্ধু। — তাইসিরুল


ভাল কাজ এবং মন্দ কাজ সমান হতে পারেনা। মন্দ প্রতিহত কর উৎকৃষ্ট দ্বারা; ফলে তোমার সাথে যার শক্রতা আছে সে হয়ে যাবে অন্তরঙ্গ বন্ধুর মত। — মুজিবুর রহমান

And not equal are the good deed and the bad. Repel [evil] by that [deed] which is better; and thereupon the one whom between you and him is enmity [will become] as though he was a devoted friend. — Sahih International

৩৪. আর ভাল ও মন্দ সমান হতে পারে না। মন্দ প্রতিহত করুন তা দ্বারা যা উৎকৃষ্ট; ফলে আপনার ও যার মধ্যে শক্রতা আছে, সে হয়ে যাবে অন্তরঙ্গ বন্ধুর মত।

তাফসীরে জাকারিয়া

- (৩৪) ভাল ও মন্দ সমান হতে পারে না।[1] উৎকৃষ্ট দারা মন্দ প্রতিহত কর; তাহলে যাদের সাথে তোমার শক্রতা আছে, সে হয়ে যাবে অন্তরঙ্গ বন্ধুর মত। [2]
 - [1] বরং এ উভয়ের মধ্যে বিরাট তফাত।
 - [2] এ হল অতীব গুরুত্বপূর্ণ এক চারিত্রিক শিক্ষা যে, মন্দকে দূরীভূত কর ভাল দ্বারা। যা উৎকৃষ্ট তা দিয়ে নিকৃষ্ট প্রতিহত কর। অর্থাৎ, অন্যায়ের বদলা নাও ন্যায় প্রতিষ্ঠা করে, যুলুমের বদলা নাও ক্ষমা করে, ক্রোধের বদলা নাও ধৈর্যধারণ করে, বেআদবীর বদলা নাও দৃষ্টিচ্যুত করে এবং মূর্খতা বা অশ্লীল কথার উত্তর দাও সহ্য করে নীরব





থেকে। এর ফল এই হবে যে, তোমার শত্রু দেখবে তোমার বন্ধু হয়ে গেছে। তোমার থেকে দূরে দূরে থাকত এমন ব্যক্তি তোমার নিকটে হয়ে যাবে এবং তোমার রক্ত-পিপাসু ব্যক্তি তোমার বশীভূত ও প্রেম-পিপাসু হয়ে যাবে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4252

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন